

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-১৪

তারিখ : ভাদ্র ২৩, ১৪১৬
সেপ্টেম্বর ০৭, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

২০০৯-২০১০ অর্থ বছরে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার কর্তৃক পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০০৯-২০১০ অর্থ বছরেও সংশ্লিষ্ট রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জুলাই ০১, ২০০৯ তারিখ হতে জুন ৩০, ২০১০ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নে বর্ণিত পণ্যসমূহ রপ্তানির প্রতিটির বিপরীতে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হবে :-

রপ্তানি খাতের নাম	হার
১) রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুক্ক বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাংক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৫%
২) হিমায়িত চিংড়ী ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা	১২.৫০%
৩) চামড়া জাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১৭.৫০%
৪) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫% হতে ২০%
৫) কৃষি পণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০%
৬) আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%
৭) বাই-সাইকেল রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৮) হাড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৯) পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকী	১০%
১০) পোল্ট্রি শিল্পের হ্যাচিং ডিম এবং মুরগির বাচ্চা (day old chicks) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	১৫%
১১) হাক্সা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী	১০%
১২) ঈশ্বরদী ইপিজেড-এ কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ আকৃষ্টকরণে লিকুইড গ্লুকোজ রপ্তানি খাতে ভর্তুকী	২০%
১৩) ১০০% হালাল মাংস রপ্তানি খাতে ভর্তুকী	২০%

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবি পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত খাতসমূহ ছাড়াও সরকার চলতি অর্থ বছরে প্লাস্টিক পেট বোতল ফ্লেক্স ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে যথাক্রমে ১০% ও ৭.৫০% হারে রপ্তানি ভর্তুকী প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। আলোচ্যখাত দুটির বিপরীতে ভর্তুকী পরিশোধের বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে যা সম্পন্ন হওয়ার পর ব্যাংকসমূহকে যথাযথ নির্দেশনা দেয়া হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫